

# মাসিক কিশোর- কিশোরী সংবাদ

COAST Foundation



প্রকাশনায় : কোস্ট ফাউন্ডেশন। সহযোগিতায় : পল্লী কর্ম–সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মাস : চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ। এপ্রিল ২০২৩ খ্রি:। বর্ষ : দ্বিতীয় বর্ষ সংখ্যা : সপ্তম সংখ্যা

## মনুষ্যত্ব গঠন করতে কবিতা ও প্রবন্ধের ভূমিকা অপরিসীম

গত ৭ মার্চ বোরহান উদ্দিন উপজেলার পক্ষিয়া ইউনিয়নের জ্ঞায়ানদা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব সোহেল হোসেন পল্লী কর্ম–সহায়ক ফাউন্ডেশনের সহায়তায় কোস্ট ফাউন্ডেশন পরিচালিত কৈশোর কর্মসূচির পক্ষীয়া ইউনিয়নের ১৮টি ক্লাবের সভাপতি ও সদস্যদের সফট স্কীল প্রশিক্ষণ পরিচালনা কালীন সময়ে এ কথা



আলোচনায় মো: সেহেল হোসেন, প্রধান শিক্ষক জ্ঞয়ানদা বালিকা মা: বিদ্যালয়

বলেন। তিনি বলেন তোমরা যদি নিয়মিত লেখা–পড়ার পাশাপাশি কবিতা, গল্প ও প্রবন্ধ লেখার চর্চা করো তাহলে দেখবে তোমাদের মধ্যে খারাপের চেয়ে ভালো গুনাবলী গুলি বৃদ্ধি পাবে। তোমাদের চিন্তা শক্তি বৃদ্ধি পাবে। তোমরা ছোট কোন বিষয়কে নিয়ে অনেক বড় ধরনের কিশ্লেষণ করতে পারবে। তোমরা ভালো রচনা ,চিঠি, দরখাস্ত লিখতে পারবে। তোমাদের লেখায় অনেক ভুল কমে যাবে। তোমরা অন্যে লেখা পড়লেই লেখার মধ্যে ভুল ও শুদ্ধ বিশ্লেষণ করতে পারবে। তোমরা পরীক্ষায় ভালো নম্বর তুলতে পারবে।

তহলে একটি প্রবন্ধ লেখার পূর্বে আমাদের কি করতে হবে, প্রথমেই একটি বিষয় নির্ধারণ করতে হবে, যে বিষয়টি নিয়ে তুমি একটি প্রবন্ধ লিখতে চাও। ঘটনার স্থান নির্বাচন করতে হবে। গল্পের পাত্র–পাত্রী ঠিক কতে হবে। কোন ঘটনার পর কোন ঘটনা আসবে তার একটি খসড়া ধাপ তৈরী করতে হবে। এর পর লেখা শুরু কতে হবে। মনে রাখবে তোমরা যদি কোন সত্য ঘটনার উপর গল্প লিখতে চাও সে ক্ষেত্রে ঘটনার স্থান, পাত্র–পাত্রীর নাম সবই পরিবর্তন করে ছদ্মনাম ব্যবহার করতে হবে। মনে রাখবে গল্প, প্রবন্ধ বা কবিতা যাই লিখনা কেন সেখানে কোন শক্ত বা কঠিন ভাষা ব্যাবহার করা যাবে না যাতে পাঠক শব্দের অর্থ না বুঝার কারনে বিষটি পড়া থেকে মনোযোগ সরিয়ে নেয়। প্রথমে ছোট ছোট ঘটনা বা ভ্রমন কাহিনী দিয়ে লেখা শুরু করতে হবে। তার পর আস্তে আস্তে বড় বিষয় নিয়ে লেখা শুরু কতে হবে।

কোন মানুষ যদি সংস্কৃতি মনোভাবাপন্ন হয় সে মানুষ আর যা হউক কোন খারাপ কাজ করতে পারে না। অন্যের ক্ষতি সে করতে পারে না। সে মানুষে সংস্পর্শে থেকে মানুষের উপকার করার জন্য নিজেকে উসর্গ করে। সে সমাজ দেশ ও জতীর উন্নয়ন করার জন্য ধাবিত হয়।

চলতি মাসে কোস্ট ফাউন্ডেশনের উদ্যেগে লালমোহন ও বোরহান উদ্দিন উপজেলার ১০ ইউনিয়নের ১৮০ টি ক্লাবের ২০০ জন কিশোর–কিশোরীকে প্রশিক্ষণ প্রদান করেন।

## আন্ত: ইউনিয়ন সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেধা ও মননে সুন্দর আগামী এ শ্লোগানের ভিত্তিতে গত ১৮ মার্চ পল্লী কর্ম–সহায়ক ফাউন্ডেশন (পিকেএস এফ) এর সহায়তা ও কোস্ট



ফাউন্ডেশনের পরিচালনায় কৈশোর কর্মসুচি উদ্দ্যোগে ভোলা জেলার

আলোচনায় জনাব কানিজ মার্জিয়া, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- 'লালমোহন, ছবি রাবেয়া বিনতে খায়ের

লালমোহন উপজেলার ফরাজগঞ্জ ইউনিয়নের আসলী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে ১৮টি কিশোর -কিশোরী ক্লাবের অংশগ্রহনে আন্ত: ইউনিয়ন সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার শুভ উদ্ধোধন করেন জনাব কানিজ মার্জিয়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লালমোহন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জনাব আরিফুর রহমান খন্দকার,উপজেলা পরিসংখান কর্মকর্তা (ভারপ্রাপ্ত) লালামোহন, জনাব পারভীন বেগম কমিশনার ও সভাপতি মহিলা যুবলীগ ৫ নং ওয়ার্ড লালমোহন পৌরসভা, জনাব



মেহেদী মোস্তফা সিআরএস-উপজেলা মহিলা বিষক অধিদপ্তর লালমোহন, জনাব সরণ চন্দ্র শীল শাখা ব্যবস্থাপক কোস্ট ফাউন্ডেশন লালমোহন। সভায় সভাপতিত্ব করেন খোকন চন্দ্র শীল, সমন্বয়করী কৈশোর কর্মসূচি। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন মো: ফয়েজ উদ্দিন সভাপতি ফরাজগঞ্জ ইউনিয়ন কৈশোর কর্মসূচি। সমগ্র সাংস্কৃতি ও ক্রীড়া পরিচলনা করেন রাবেয়া বিনতে খায়ে প্রোগ্রাম অফিসার ও মো: সাইদুর রহামান সিনিয়র প্রোগ্রাম অফিসার কৈশোর কর্মসূচি। সাংস্কৃতি ও ক্রীড়া অনুষ্ঠানের সমাপনী বক্তিতা শেষে পুরস্কার বিতরণ করেন জনাব পারভীন বেগম কমিশনা লালমোহন পৌরসভা।

প্রতিযোগীতায় অংশগ্রহনকারীরা যে সকল ইভেন্টে প্রতিযোগিতা করেন




প্রতিযোগীতায় বিজয়ী অংশগ্রহনকারী ছবি-খোকন চন্দ্র শীল

সেগুলি হলো-প্রবন্ধ লেখা, কবিতা আবৃতি, ক্রিকেট,ব্যাডমিন্টন,আমস ́রেসলিনিং

প্রধান অতিথির বক্তৃতায় মহিলাবিষক কর্মকর্তা জনাব কানিস মার্জিয়া বলেন আমি খুবই আনন্দের সাথে বলছি যে কোস্ট ফাউন্ডেশনের আজকের এ আয়োজন খুবই সুন্দর আয়োজন। জাতীর জনক বঙ্গবন্ধু শেখমুজিবুর রহমান ও প্রধান মন্ত্রী শেখ হাসিনার সোনার বাংলাদেশ গাড়ার লক্ষ্যে আমাদের নতুন প্রজন্মকে এগিয়ে নিতে হলে তাদেরকে বিভিন্ন খেলাধুলা ও সংস্কৃতিক প্রতিযোগীতার সাথে যুক্তরেখে মন ও মানসিকাতার উন্নয়ন করতে হবে। আরো ভালো লাগলো যে আমাদের সরকারী ক্লাবগুলির সাথে আরো ১৮০টি ক্লাব যুক্ত হলো আমরা সকলে মিলে আনেক ভালো কাজ করতে পারবো।

সমাপনী বক্তৃতায় জনাব পারভীব বেগম বলেন জাতীর জনকের উদ্দেশ্য ছিল তার স্বপ্নের সোনার বংলা গড়ার জন্য এদেশের যুবসমাজকে সামনে এগিয়ে নিয়ে যাওয়া যা আজ আমাদের প্রধান মন্ত্রী শেখ হাসিনা করে যাচ্ছেন। আপনাদের এধরনের যে কোন প্রেগ্রামে ডাকলে আমি সাড়া দিব, আর আজকে তোমরা যারা প্রতিযোগীতায় জয়লাভ করেছে তারাতো করেছই,আর যারা জিততে পারোনাই তারাও হারো নাই. আজবে পারনাই তাতে দু:খ করো না চেষ্টা করে যাও দেখবে আগামীতে তোমরা আরো ভালো করেছ।

## ক্লাবের মাধ্যেমে আমারা আমাদের ইউনিয়ন কে আরো ভালো ভালো কাজ উপহার দিব

ফরাজগঞ্জ ইউনিয় সভাপতি ফয়েজ উদ্দিন বলেন, আজ আমরা আমাদের ১৮টি কিশোর - কিশোরী ক্লাবের সকলের সহযোগীতায় সুন্দর একটি সংস্কৃত ও ক্রীড়া প্রতিযোগীতা শেষে করেছি। এটি সফল হয়েছে আমাদের সকলের সুন্দর মন-মানসিকতার করনে। যদি আমরা সকরে এ ভাবে একত্রিত থাকতে পারি তা হলে আমরা আমাদের ইউনিয়নে আরো ভালো কাজ করতে পারবো। আমরা সামনের দিগে আমাদের ক্লাবগুলির মাধ্যমে আমাদের সাধ্যমোতাবে চাঁদাার মাধ্যমে গরিব ও অসহায় মানুষের পাশে দাড়ানোর চেষ্ঠা করব। আমরা রাস্তা-ঘাটে ইভটেজিং বন্ধ করব। আমরা আমাদের বন্ধুদের বিভিন্ন বিপদগামী কাজথেকে ভালো পথের সন্দান দিব যাতে এলাকার মানুষ বলতে পারে ক্লাব করে কিশোর-কিশোরী খারাপ হয়না, তারা খারপ হওয়াদের সৎ পথে ফিরিয়ে আনতে পারে। সমাজের ভালো কাজ করতে পারে।



আলোচনা করছেন মো: ফয়েজ উদ্দিন

**এপ্রিল ২০২৩ কাজের পরিকল্পনা :**

| নং | কাজের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান | ৫ টি |
| ২. | নেতৃত্ব উন্নয়ন প্রশিক্ষন | ৫ ব্যাচ |
| ৩. | মাসিক মেন্টর সমন্বয় সভা | ২০ টি |
| ৪. | ক্লাব মিটিং মনিটরিং | ১০০ |
| ৫. | কমিউনিটি সভা | ৫০ টি |
| ৬. | মাসিক সমন্বয় সভা | ১০টি |

**পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।**

**যোগাযোগ :**

প্রকল্প সমন্বয়কারি, খোকন চন্দ্র শীল, প্রকল্প অফিস, দক্ষিন চরনোয়াবাদ সার্কিট হাউজ রোর্ড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন, ভোলা সদর ।
মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৮৩৯

**বি.দ্র : এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসাহিক কাজ বা বিক্রির জন্য নয়।**